# Imdad-Sitara Khan Scholarship

Funded by 'The Khan Family Foundation' USA & coordinated by SpaandanB

SpaandanB

IMDAD-SITARA KHAN FOUNDATION

প্রকাশ
কলেজের website-এ
দিন।
Buddin
25/10/25

তারিখঃ ১৫/১০/২০২৫

বরাবর
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ,পাবনা।

**বিষয়ঃ ২০২৫-২০২৬ এইচএসসি সেশন এর জন্য ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

জনাব,

**ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন** এর অর্থায়নে প্রবাসী বাংলাদেশীদের সেবামূলক প্রতিষ্ঠান **স্পন্দনবি** প্রতিবছর আট শতাধিক মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে (এইচএসসি, বিএসসি অনার্স; বিএসসি অনার্স (কৃষি ও পশুপালন এর সকল অনুষদ); এমবিবিএস; বিডিএস; বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিএ অনার্স, বিএসএস অনার্স এবং বিবিএ এ অধ্যয়নরত মেধাবী) বৃত্তি প্রদান করে।

**ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন** এর অর্থায়নে প্রবাসী বাংলাদেশীদের সেবামূলক প্রতিষ্ঠান **স্পন্দনবি** ২০২৫ সালে এসএসসি পরীক্ষায় পাশ করে বর্তমানে এইচএসসি পর্যায়ে প্রথমবর্ষ (শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬) বিজ্ঞান, মানবিক এবং ব্যবসা শিক্ষায় অধ্যয়নরত মেধাবী অস্বচ্ছল ছাত্র/ছাত্রীদের কাছ থেকে **ইমদাদ-সিতারা খান** বৃত্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন পত্রের নমুনাকপিঃ
https://spaandanb.org/projects/imdad-sitara-khan-scholarship/ অথবা
https://www.facebook.com/share/g/1FXJc2NhHe/ ওয়েবসাইট, নামে সার্চ দিয়ে অথবা
mostafiz14@yahoo.com অথবা rajib.bd@spaandanb.org অথবা tuhin.bd@spaandanb.org অথবা sajedul1233@gmail.comঅথবা zabbarbd5493@gmail.com এই ই-মেইলে অনুরোধ করে অথবা সরাসরি কার্যালয়ে (অফিসে) যোগাযোগ করে পাওয়া যাবে। বৃত্তিসংক্রান্ত যেকোন তথ্যের জন্য অফিস সময়ে (সকাল ১০:০০ টা - বিকাল ৫:০০ টা) ০২-৪৮১১৪৪৯৯ ফোন নম্বরে অথবা ০১৭১৩-০৩৬৩৬০ এই মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবে। আবেদনের শেষ তারিখ নভেম্বর ০২, ২০২৫ রোজ রবিবার।

দরখাস্তের নমুনাকপি আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদান এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিলে কৃতজ্ঞ থাকবো।

ধন্যবাদান্তে,

**মোঃ মোস্তাফিজুর রহমান**
ডেপুটি কান্ট্রি ডিরেক্টর
স্পন্দনবি বাংলাদেশ।

SpaandanB

# স্পন্দনবি-ইমদাদ সিতারা খান ফাউন্ডেশন বৃত্তি

স্পন্দনবি বাংলাদেশ অফিস

স্পন্দনবি বাংলাদেশ অফিস, শ্যামলছায়া-১, বাড়ি# ৭/২, ফ্ল্যাট# বি/২, গার্ডেন স্ট্রিট, রিং রোড, শ্যামলী, ঢাকা-১২০৭

www.spaandanb.org, mostafiz.bd@spaandanb.org, ফোন: ০২-৮৮১১৪৪৯৯

IMDAD-SITARA KHAN FOUNDATION

## আবেদন পত্র পূরনের নির্দেশাবলী

ক. শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা অর্থাৎ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানটির অবস্থান কোন উপজেলা বা জেলায় তা আবেদনকারী স্পষ্ট করে উল্লেখ করবে।

খ. উল্লেখিত জায়গা ছাড়া অন্য কোথাও ইংরেজিতে লেখা গ্রহনযোগ্য হবে না।

গ. আবেদন পত্রে আবেদনকারীর ছবি সংযুক্ত না থাকলে বাতিল হবে।

ঘ. সহশিক্ষা কার্যক্রম যেমন নাচ, গান,কবিতা আবৃত্তি, অভিনয়, বিতর্ক, গণিত অলিম্পিয়াড,বিএনসিসি, বাঁধন বা অন্যান্য সামাজিক কর্মকান্ডের সাথে জড়িত থাকলে আবেদন পত্রের সাথে তার প্রমাণপত্র জমা দেওয়া বাধ্যতামূলক।

ঙ. বাবা-মা'র পেশা এবং মোবাইল নাম্বার আবেদনকারীকে সঠিক ও স্পষ্টভাবে লিখতে হবে। তৃতীয় ব্যক্তি হলে সেটা স্পষ্ট উল্লেখ করতে হবে।

চ. আবেদনকারীকে পরিবারের মোট বাৎসরিক আয় এবং ব্যয় দুটোই উল্লেখ করতে হবে।অনেকে শুধু আয়ের হিসাব লিখলেও ব্যয় উল্লেখ করে না যা কোনভাবেই গ্রহনযোগ্য নয়। উল্লেখ্য অনেকেই বাৎসরিক আয়-ব্যয় এর জায়গায় মাসিক আয়-ব্যয় উল্লেখ করে থাকে যা নির্দেশনার পরিপন্থি।

ছ. আবেদনকারী কেন নিজেকে বৃত্তির যোগ্য মনে করে তা ২৫০ থেকে ৩৫০ শব্দের মধ্যে লিখতে হবে। কোনভাবেই উল্লেখিত শব্দের কম বা বেশি লিখতে পারবে না, লিখলে তা বাতিল বলে গণ্য হবে। তাছাড়া আবেদনকারী মূল লেখা শুরু করার আগে 'আমি কেন নিজেকে এই বৃত্তির জন্য যোগ্য মনে করি' তা শুধু উপরে লিখবে। যদিও অনেকে গতানুগতিকভাবে যেমন বরাবর, বিষয় এবং জনাব ইত্যাদি দিয়ে মূল লেখা শুরু করে, তার প্রয়োজন নাই।

জ. আবেদনকারীকে অবশ্যই তার "বিশদ রচনামূলক বর্ননায় (২৫০-৩৫০ শব্দ)" পরিবারের আয় এবং ব্যয়ের খাত স্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং এর যৌক্তিকতা দেখাতে হবে।

ঝ. আবেদনকারীকে তার জন্য নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে অর্থাৎ এইচ.এস.সি'র জন্য নির্ধারিত ফর্মে সংশ্লিষ্ট প্রার্থী আবেদন করবে।

ঞ. কোন আবেদনকারী যদি ইমদাদ সিতারা খান বৃত্তির জন্য নির্ধারিত ফর্ম ব্যতিরেকে বৃত্তি সংশ্লিষ্ট অন্য কোন ফর্ম পূরণ করে পাঠায় তাহলেও আবেদন ফর্মটি বাতিল হবে।

ট. সর্বোপরি আবেদনকারী যখন তার "বিশদ রচনামূলক বর্ননায় (২৫০-৩৫০ শব্দ)" লিখবেন তখন তার লেখাটি যাতে সহজপাঠ্য হয় সে বিষয় সর্তক হবেন। যেমন বাঁকা, খুব ছোট বা বড় লেখা কোনভাবেই কাম্য নয়।

Matafiz